বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

www.ecs.gov.bd

জনসংযোগ শাখা

নং-১৭.০০.০০০০.০৪০.৪৭.০০৫.২৪-৯০০

তারিখ ঃ ১২ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

# 'নির্বাচন পর্যবেক্ষক (স্থানীয়) সংস্থা নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি'

বাংলাদেশ নির্বাচন কমিশন এর 'নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫' অনুসারে "পর্যবেক্ষক সংস্থা" হিসেবে নিবন্ধনে আগ্রহী যোগ্যতাসম্পন্ন বেসরকারি সংস্থাসমূহের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। যোগ্যতাসম্পন্ন সংস্থাসমূহকে 'নির্বাচন পর্যবেক্ষণ নীতিমালা ২০২৫' অনুযায়ী ০৫ (পাঁচ) বছরের জন্য নিবন্ধন দেয়া হবে। নিবন্ধিত সংস্থাসমূহ এ সময়ের মধ্যে অনুষ্ঠিত সকল নির্বাচন (জাতীয় সংসদ নির্বাচন ও স্থানীয় সরকারের বিভিন্ন নির্বাচন) পর্যবেক্ষণ করতে পারবে। পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধনে আগ্রহী বেসরকারী সংস্থাসমূহকে **আগামী ১০ আগস্ট, ২০২৫** তারিখ রবিবার অফিস সময় বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নির্ধারিত ফরমে (EO-1) সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম (EO-1) নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখায় (কক্ষ নং-১০৫) এবং নির্বাচন কমিশনের ওয়েবসাইট www.ecs.gov.bd তে পাওয়া যাবে।

০২। পর্যবেক্ষক সংস্থা হিসেবে আবেদনের জন্য নিম্নেবর্ণিত যোগ্যতা থাকতে হবে :

- আবেদনকারী সংস্থাকে বাংলাদেশের কোনো আইনের অধীনে নিবন্ধিত হতে হবে;
- গণতন্ত্র, সুশাসন ও মানবাধিকার প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে আসছে এবং যাদের নিবন্ধিত গঠনতন্ত্রের মধ্যে এই সকল বিষয়সহ সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান বিষয়ে নাগরিকদের মধ্যে তথ্য প্রচার ও উদ্বুদ্ধকরণের অঙ্গীকার রয়েছে কেবল সেই সকল বেসরকারি সংস্থাই নির্বাচন পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধনের জন্য আবেদন করতে পারবে;
- রাজনৈতিক দলের সাথে সরাসরি জড়িত ছিলেন বা আছেন কিংবা নিবন্ধন লাভের জন্য আবেদনকৃত সময়ের মধ্যে কোন নির্বাচনের প্রার্থী হতে আগ্রহী এইরূপ কোন ব্যক্তি যদি পর্যবেক্ষণের জন্য আবেদনকারী কোন সংস্থার প্রধান নির্বাহী কিংবা পরিচালনা পর্ষদের বা ব্যবস্থাপনা কমিটির সদস্য হয়ে থাকেন, তা যে নামেই অভিহিত হোক না কেন উক্ত সংস্থাকে পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন করা হবে না;
- আবেদনকারী সংস্থার প্রধান নির্বাহী কিংবা পরিচালনা পর্ষদের বা ব্যবস্থাপনা কমিটির কোনো সদস্য রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্ট নয় মর্মে আবেদনের সাথে লিখিত হলফনামা জমা দিতে হবে;
- নির্বাচন কমিশনে স্থানীয় পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন পেতে ইচ্ছুক এমন কোনো প্রতিষ্ঠান যার নামের সাথে জাতীয় কোনো প্রতিষ্ঠানের নামের হুবহু মিল রয়েছে অথবা কাছাকাছি নাম ব্যবহার করা হয়েছে যাহা দ্বারা সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে; এমন প্রতিষ্ঠান নির্বাচন কমিশনে পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন পাওয়ার অযোগ্য বলে বিবেচিত হবে;
- নির্বাচন কমিশনে স্থানীয় পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধন পেতে ইচ্ছুক এমন কোনো প্রতিষ্ঠান যার নামের সাথে আন্তর্জাতিক/আঞ্চলিক কোনো প্রতিষ্ঠানের নামের হুবহু মিল রয়েছে অথবা কাছাকাছি নাম ব্যবহার করা হয়েছে; যা দ্বারা সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে এমন প্রতিষ্ঠানকে ঐ আন্তর্জাতিক/ আঞ্চলিক সংস্থা হতে লিখিত অনাপত্তিপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নির্বাচন কমিশনে স্থানীয় পর্যবেক্ষক সংস্থা হিসেবে নিবন্ধনের জন্য আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।

০৩। এছাড়াও আবেদনের সাথে নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করতে হবে:-

- সংস্থার গঠনতন্ত্র (নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদিত হতে হবে);
- সংস্থার বর্তমান ট্রাস্টি বোর্ড/পরিচালনা পর্ষদ/কার্যনির্বাহী কমিটির তালিকা (নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত);
- সংস্থার নিবন্ধন সার্টিফিকেটের সত্যায়িত কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক);

(অঃ পৃঃ দ্রঃ)

- সংস্থার নিবন্ধিত অফিসের নাম ও ঠিকানা (পরিবর্তন হলে তার স্বপক্ষে নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে);
- নিবন্ধন কর্তৃপক্ষের নাম ও ঠিকানা;
- নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদিত কার্যাবলীর তালিকা;
- সর্বশেষ দুই বছরের সম্পাদিত কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন;
- দেশিয়/আন্তর্জাতিক সংস্থার সাথে সম্পর্ক থাকলে সংশ্লিষ্ট সংস্থার অনাপত্তিপত্র;

০৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এবিষয়ে আরও তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ শাখায় (কক্ষ নং-১০৫) যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

[বিশেষ দ্রষ্টব্যঃ নির্বাচন পর্যবেক্ষণের জন্য নির্বাচন কমিশন হতে পর্যবেক্ষক সংস্থাকে কোনরূপ আর্থিক সহায়তা প্রদান করা হয় না বা কোন সংস্থা হতে অর্থ প্রাপ্তির বিষয়ে কোন সহায়তা করা হয় না।]

২৭/৭/২৫

( মোঃ শরিফুল আলম )
পরিচালক (জনসংযোগ)
ফোন: ৫৫০০৭৫২০
e-mail: sharif163du@gmail.com